

ত্রিপুরা উপজাতি এলাকা স্ব-শাসিত জেলা পরিষদ  
তথ্য ও সংস্কৃতি দপ্তর,  
ত্রিপুরা, পশ্চিম ত্রিপুরা

বোডোল্যান্ড স্বশাসিত জেলা পরিষদের উদ্যোগে  
ফুটবল প্রতিযোগিতা ২৭ নভেম্বর

এডিসি।স-১৩২  
খুমলুঙ, ০২।১১।২০২৩ইং

আগামী ২৭ নভেম্বর আসামের বোডোল্যান্ড কাউন্সিলের উদ্যোগে স্বশাসিত জেলা পরিষদগুলোর মধ্যে একদিনের ফুটবল প্রতিযোগিতা অনুষ্ঠিত হবে। উত্তর পূর্বাঞ্চলের ৯টি স্বশাসিত জেলা পরিষদ এলাকা থেকে একটি করে ফুটবল দল অংশ গ্রহণ করবে। আজ এডিসির প্রধান প্রশাসনিক ভবনের কনফারেন্স হলে এক সাংবাদিক সন্মেলনে ক্রীড়া ও যুবকল্যাণ দপ্তরের নির্বাহী সদস্য সুহেল দেববর্মা একথা জানিয়েছেন। তিনি আরও জানিয়েছেন ত্রিপুরা উপজাতি এলাকা স্বশাসিত জেলা পরিষদের পক্ষ থেকে একটি ফুটবল দল পাঠানো হবে। আগামী ৫-৬ নভেম্বর খুমলুঙএ খেলোয়াড় বাছাই পর্ব অনুষ্ঠিত হবে। একটি শক্তিশালী দল পাঠানো উপর গুরুত্বারোপ করেছেন তিনি। খেলোয়াড় দলের সব ধরনের খরচ এডিসি বহন করবে। এই প্রতিযোগিতায় অংশ গ্রহণ করবে কারবি আলং স্বশাসিত জেলা পরিষদ, দিমা হাসং স্বশাসিত জেলা পরিষদ, মারা স্বশাসিত জেলা পরিষদ, চাকমা স্বশাসিত জেলা পরিষদ, লাই স্বশাসিত জেলা পরিষদ, গারো হিলস স্বশাসিত জেলা পরিষদ, খাসি হিলস স্বশাসিত জেলা পরিষদ, জয়ন্তিয়া হিলস স্বশাসিত জেলা পরিষদ, বোডোল্যান্ড টেরিটোরিয়াল কাউন্সিল। আজকের সাংবাদিক সন্মেলনে এডিসি ক্রীড়া পর্ষদ কাউন্সিলের চেয়ারম্যান তথা এমডিসি ধীরেন্দ্র দেববর্মা উপস্থিত ছিলেন।